গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
লাইফ ভিউ-ফুলকুঁটির, মীম শরৎ এ্যাপার্টমেন্ট(৫ম তলা)
৭৪ বঙ্গাবন্ধু রোড, উকিলপাড়া, নারায়ণগঞ্জ-১৪০০।
www.food.narayanganj.gov.bd

তারিখ: ২৮ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ
১১ মে ২০২৩ খ্রিস্টাব্দ

**নম্বর:** ১৩.০১.৬৭০০.০০০.৫৫.০০১.২১.৪৯৫

**দরপত্র বিজ্ঞপ্তি**

এতদ্বারা নারায়ণগঞ্জ জেলাধীন নারায়ণগঞ্জ সিএসডি'র ব্যবহার অযোগ্য একটি ০৪(চার)তালা ভবন যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় বিক্রয়ের নিমিত্ত আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

| | | | |
|---|---|---|---|
| ০১ | মন্ত্রণালয় | : | খাদ্য মন্ত্রণালয় |
| ০২ | এজেন্সী | : | খাদ্য অধিদপ্তর, ঢাকা। |
| ০৩ | দরপত্র আহ্বানকারী কর্মকর্তা | : | জেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়ণগঞ্জ। |
| ০৪ | যে কাজের জন্য দর প্রস্তাব | : | নারায়ণগঞ্জ জেলাধীন নারায়ণগঞ্জ সিএসডি'র ব্যবহার অযোগ্য একটি ০৪(চার)তালা ভবন বিক্রয় (দরপত্র)। সিডিউলে বর্ণনা মোতাবেক। |
| ০৫ | সরকারী সংরক্ষিত দর | : | **১১,০২,৭৭৯.৫৪ (এগারো লাখ দুই হাজার সাতশত উনআশি টাকা চুয়ান্ন পয়সা)।** |
| ০৬ | দরপত্রের বিজ্ঞপ্তি নং ও তারিখ | : | নং-১৩.০১.৬৭০০.০০০.৫৫.০০১.২১.৪৯৫, তাং-১১.০৫.২০২৩ খ্রি.। |
| ০৭ | দরপত্র পদ্ধতি | : | উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) |
| ০৮ | দরপত্র তফসিল বিক্রয়ের শেষ তারিখ | : | ০৮.০৬.২০২৩ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত। |
| ০৯ | দর প্রস্তাব দাখিলের তারিখ ও সময় | : | ১১.০৬.২০২৩ তারিখ বেলা ১.০০টা পর্যন্ত। |
| ১০ | দরপত্র প্রস্তাব দাখিলের স্থান | : | জেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়ণগঞ্জ দপ্তরে রক্ষিত দরপত্র বাক্স। |
| ১১ | দরপত্র প্রস্তাব প্রাপ্তির স্থান | : | হিসাব শাখা, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, নারায়ণগঞ্জ। |
| ১২ | দরপত্র দাখিল পদ্ধতি | : | সংখ্যায় ও কথায় দর উল্লেখপূর্বক দরপত্র দাখিল করতে হবে। |
| ১৩ | দরপত্র খোলার তারিখ ও সময় | : | ১১.০৬.২০২৩ তারিখ বেলা ৩.০০ ঘটিকা। |
| ১৪ | দরপত্র উন্মুক্তকরণের স্থান | : | জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, নারায়ণগঞ্জ। |
| ১৫ | দরপত্র দাতা/প্রতিষ্ঠানের যোগ্যতা | : | দরপত্র দাখিলের নিয়মাবলী ও শর্তাবলী অনুযায়ী যোগ্যতা থাকতে হবে। |
| ১৬ | দরপত্র সিডিউল মূল্য (অফেরতযোগ্য) | : | ১,০০০/-(এক হাজার) টাকা। |
| ১৭ | দরপত্র জামানত (টেন্ডার সিকিউরিটি) | : | জেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়ণগঞ্জ-এর অনুকূলে বাংলাদেশের যে কোন তফসিলভুক্ত (সিডিউল) ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে দরপত্রে উদ্ধৃত মোট দরের ১০% হারে দরপত্র জামানত (ফেরতযোগ্য) জমা দিতে হবে। |
| ১৮ | দরপত্র আহ্বানকারী কর্মকর্তার নাম ও পদবী | : | আসমা উল হোসনা, জেলা খাদ্য নিয়ন্ত্রক(ভারপ্রাপ্ত), নারায়ণগঞ্জ। |
| ১৯ | দর প্রস্তাব আহ্বানকারী কর্মকর্তার ঠিকানা ও ফোন | : | **জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, লাইফ ভিউ-ফুলকুঁটির, মীম শরৎ এ্যাপার্টমেন্ট(৫ম তলা), ৭৪ বঙ্গাবন্ধু রোড, উকিলপাড়া, নারায়ণগঞ্জ-১৪০০। ফোন : ০২-৭৬৩৪৬৫২।** |
| ২০ | দরপত্র সম্পর্কিত সকল তথ্য জানার জন্য (অফিস চলাকালীন সময়) | : | প্রধান সহকারী, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, নারায়ণগঞ্জ। |
| অত্র দর প্রস্তাব পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ অনুযায়ী পরিচালিত হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে সংগ্রাহক সত্তা এ নোটিশ বাতিল বা পরিবর্তন অথবা যে কোন বা সকল দর প্রস্তাব গ্রহণ/প্রত্যাখান/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। | | | |

<u>দরপত্র দাখিলের নিয়মাবলী ও শর্তাবলী (General Conditions of Contracts):</u>

আবেদনকারী নিজস্ব প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে নাম, পিতার নাম, মাতার নাম, জাতীয়তা, প্রতিষ্ঠানের নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, প্রতিষ্ঠানের মালিকানার বিবরণ, প্রতিষ্ঠানের সাথে আবেদনকারীর সম্পর্ক ইত্যাদি উল্লেখপূর্বক জেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়ণগঞ্জ-এর বরাবর নিম্নবর্ণিত ডকুমেন্টসহ আবেদন করতে হবে।

১। সদ্য তোলা পাসপোর্ট আকারের ০১(এক) কপি ছবি, নিজ নামের/প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, নাগরিকত্ব সনদ ও জাতীয় পরিচয়পত্রের ফটোকপি দাখিল করতে হবে।

২। হালনাগাদ আয়কর ও ভ্যাটের সনদ দাখিল করতে হবে।

৩। চাহিত সকল সনদপত্র প্রথম শ্রেণির সরকারি কর্মকর্তা দ্বারা (নামযুক্ত সিলসহ) সত্যায়িত হতে হবে।

৪। আর্থিক স্বচ্ছলতার সনদ দাখিল করতে হবে।

৫। দরপত্রের সাথে বাংলাদেশের যে কোন তফসিলভুক্ত (সিডিউল) ব্যাংক হতে টেন্ডার সিকিউরিটি বায়নার টাকা বাবদ উদ্ধৃত মোট দরের ১০% হারে দরপত্র জামানত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে(ফেরতযোগ্য) জেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়ণগঞ্জ এর অনুকূলে জমা দিতে হবে। দরপত্রের সাথে জামানত জমা না দিলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। এক্ষেত্রে কোন ব্যাংক গ্যারান্টি গ্রহণযোগ্য হবে না।

৬। অতীতে খাদ্য বিভাগীয় ঠিকাদারী কাজে আত্মসাৎ ঘটনার সাথে জড়িত দেওয়ানী/ফৌজদারী/সালিশি মামলায় চূড়ান্তভাবে দোষী সাব্যস্ত হয়ে থাকলে বা সংশ্লিষ্টতা থাকলে এমন ব্যক্তি/প্রতিষ্ঠান দরপত্রে অংশগ্রহণ করতে পারবে না।

৭। প্রতিসেট দরপত্র সিডিউলের মূল্য ১,০০০/-(এক হাজার) টাকা জেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়ণগঞ্জ দপ্তরের হিসাব শাখায় জমা দিয়ে সিডিউল ক্রয় করতে হবে। দাখিলকৃত দরপত্রের সাথে সিডিউল ক্রয়ের রশিদ এর মূল কপি সংযুক্ত করতে হবে।

৮। শর্তযুক্ত, কাঁটাছেড়া, ঘষামাজা, ওভার রাইটিং, ফ্লুইডযুক্ত বা অসম্পূর্ণ দরপত্র গৃহীত হবে না। দাখিলকৃত সকল ডকুমেন্ট/কাগজপত্রে আবেদনকারীর স্বাক্ষর ও সিল থাকতে হবে।

৯। কার্যাদেশ প্রাপ্তির ০৭(সাত) দিনের মধ্যে অনুমোদিত/গৃহীত দরের সমপরিমাণ অর্থ সরকারী খাতে জমা দিতে হবে এবং ৬০(ষাট) দিনের মধ্যে সিডিউলে বর্ণিত অবকাঠামো অপসারণ করতে হবে।

১০। দরপত্রে অংশগ্রহণকারীগণ সপ্তাহের যেকোন দিন নারায়ণগঞ্জ সিএসডি'র ব্যবহার অযোগ্য সিডিউলে বর্ণিত অবকাঠামো (০৪(চার)তালা ভবন) সরেজমিনে পরিদর্শন করতে পারবেন।

১১। সরকারী সংরক্ষিত দরের নিম্নের কোন দর গ্রহণযোগ্য হবে না।

১২। দাখিলকৃত দর অংকে ও কথায় উল্লেখ করতে হবে।

১৩। কৃতকার্য দরদাতাকে অনুমোদিত দরের উপর সরকার নির্ধারিত হারে ভ্যাট/ট্যাক্স প্রদান করতে হবে।

১৪। কোন কারণ দর্শানো ছাড়াই যেকোন দরপত্র গ্রহণ বা বাতিল অথবা সমুদয় দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। কর্তৃপক্ষের সিদ্ধান্তের বিরুদ্ধে কোন প্রকার অপপ্রচার, মিথ্যাদোষারোপ কিংবা মামলা-মোকাদ্দমা করা হলে তা সরকারি কাজে বাধাদানের শামিল বলে গণ্য হবে। এক্ষেত্রে উক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণে কর্তৃপক্ষের কোন বাধা থাকবেনা।


১১-০৫-২০২৩
আসমা উল হোসনা
জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

নম্বর: ১৩.০১.৬৭০০.০০০.৫৫.০০১.২১.৪৯৫/১ (১২)

তারিখ: ২৮ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ
১১ মে ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক(গ্রেড-১), খাদ্য অধিদপ্তর, ঢাকা।;
২। প্রকল্প পরিচালক, আধুনিক খাদ্য সংরক্ষণাগার, খাদ্য অধিদপ্তর, ঢাকা।;
৩। পরিচালক, .........................................(সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা।;
৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা।;
৫। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।;
৬। পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।;
৭। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অদিদপ্তর, ঢাকা।;
৮। উপজেলা নির্বাহী অফিসার, বন্দর, নারায়ণগঞ্জ।;
৯। ব্যবস্থাপক, নারায়ণগঞ্জ সিএসডি, নারায়ণগঞ্জ।;
১০। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সদর/বন্দর/সোনারগাঁ/রূপগঞ্জ/আড়াইহাজার, নারায়ণগঞ্জ।;
১১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, মুড়াপাড়া/সোনারগাঁ/গোপালদী এলএসডি, নারায়ণগঞ্জ। এবং
১২। নোটিশ বোর্ড, অত্র দপ্তর।।



১১-০৫-২০২৩
আসমা উল হোসনা
জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)